ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
শিল্প মন্ত্রণালয়
বিসিক ভবন(৫ম তলা), ১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩৫১০৭৪. e-mail: smcifheadoffice@gmail.com web: smcif.portal.gov.bd

স্মারক নং এসএমসিআইএফ/প্রঃ কাঃ/প্রশাঃ/বিবিধ ব্যয়-১০১/২০২৩/২১৪ তারিখ ঃ ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

## সভার নোটিশ

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত আগামী ৩১.০৩.২০২৪ তারিখ রবিবার বেলা ২.০০ ঘটিকায় **Zoom Application** এর মাধ্যমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন এসএমসিআইএফ-এর নির্বাহী পরিচালক ও অতিরিক্ত সচিব জনাব কামরুন নাহার সিদ্দীকা। সভায় প্রধান অতিথি হিসেবে জনাব জাকিয়া সুলতানা, চেয়ারম্যান, এসএমসিআইএফ ও সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় মহোদয় সংযুক্ত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। এমতাবস্থায়, উক্ত সভায় এসএমসিআইএফ, প্রধান কার্যালয় এবং ৬৪ জেলা কার্যালয়ের কর্মকর্তাগণকে **Zoom Application** এর মাধ্যমে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**Meeting ID : 86246962038**

**Passcode : smcif**

সভার আলোচ্য সূচি নিম্নরূপ ঃ

০১. "জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন" বিষয়ে আলোচনা ;
০২. বিবিধ ;

২৭/০৩/২৪

(এম.এম. সামিরুল ইসলাম)
সমন্বয়ক, এসএমসিআইএফ (অঃ দাঃ)
ও
সিনিয়র সহকারি সচিব, শিল্প মন্ত্রণালয়।

বিতরণ ঃ
সম্প্রসারণ/সহকারি সম্প্রসারণ কর্মকর্তা, এসএমসিআইএফ সকল জেলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ

০১. চেয়ারম্যান, এসএমসিআইএফ ও সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সভায় প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
০৩. নির্বাহী পরিচালক, এসএমসিআইএফ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪. অফিস কপি।

ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
শিল্প মন্ত্রণালয়
বিসিক ভবন(৫ম তলা), ১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন ঃ ০২২২৩৩৫১০৭৪.
e-mail: smcifheadoffice@gmail.com web: smcif.portal.gov.bd

**২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি বাস্তবায়ন নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব কামরুন নাহার সিদ্দীকা, অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়<br>ও<br>নির্বাহী পরিচালক (অঃ দাঃ) এসএমসিআইএফ। |
| সভার তারিখ | ঃ | ২৫.০৩.২০২৪ খ্রি. |
| সময় | ঃ | সকাল ৯.৩০ টা |
| সভার স্থান | ঃ | কক্ষ নং- ৩০২, শিল্প মন্ত্রণালয়। |
| মাধ্যম | ঃ | সরাসরি |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট ‘ক’-তে দেখানো হলো। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনার জন্য সিনিয়র সহকারি সচিব, শিল্প মন্ত্রণালয় ও এসএমসিআইএফ-এর সমন্বয়ক (অ: দা:) এস. এম. সামিরুল ইসলাম-কে অনুরোধ করেন। তিনি শিল্প মন্ত্রণালয়ের এ সংক্রান্ত কার্যবিবরণী পড়ে শোনান। স্বাধীনতা ও জাতিয় দিবস যথাযথ মর্যদায় উদ্‌যাপনের লক্ষ্যে একটি আলোচনা সভা আয়োজন করা যেতে পারে এবং এ সংস্থার সামর্থ্য অনুযায়ী কর্মচারিদের মাঝে স্বল্প ব্যয়ে কিছু উপহার সামগ্রী বিতরণের মত প্রকাশ করা হয়।

০২। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপনের নিমিত্ত জাতীয় কর্মসূচি আলোকে এসএসসিআইএফ এর করণীয় সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ে আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্র. নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | ২৬ মার্চ ২০২৪ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন | মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে এসএমসিআইএফ কর্তৃক শিল্প মন্ত্রণালয় চত্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে এবং এসএমসিআইএফ ৬৪ জেলা কার্যালয়কে সংশ্লিষ্ট জেলার বিসিক জেলা কার্যালয়ের কর্মসূচির সাথে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। | এসএমসিআইএফ প্রধান কার্যালয় ও সকল জেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ। |
| ০২. | আলোচনা সভার আয়োজন | এসএমসিআইএফ সকল জেলা কার্যালয়ের সাথে আগামী ৩১.০৩.২০২৪ তারিখ ভার্চুয়াল (zoom app) মাধ্যমে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন” বিষয়ে আলোচনা সভার আয়োজন করা হবে। সভায় এসএমসিআইএফ এর সম্মানিত চেয়ারম্যান শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রন জানাতে হবে। | এসএমসিআইএফ প্রধান কার্যালয় ও সকল জেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ। |
| ০৩. | কর্মচারিদের মাঝে উপহার সামগ্রী বিতরণ | এসএমসিআইএফ প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের কর্মরত কর্মচারিদের মাঝে উপহার সামগ্রী বিতরণ করা হবে এবং উপহার সামগ্রীর ব্যয় সংশ্লিষ্ট কার্যালয়ের বিবিধ খাত হতে নির্বাহ করতে হবে। | এসএমসিআইএফ প্রধান কার্যালয় ও সকল জেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ। |

০৩। আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কামরুন নাহার সিদ্দীকা)
অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
নির্বাহী পরিচালক (অঃদাঃ), এসএমসিআইএফ।

ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
শিল্প মন্ত্রণালয়
বিসিক ভবন(৫ম তলা), ১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩৫১০৭৪. e-mail: smcifheadoffice@gmail.com web: smcif.portal.gov.bd

স্মারক নং এসএমসিআইএফ/প্রঃ কাঃ/প্রশাঃ/বিবিধ ব্যয়-১০১/২০২৩/২১৫

তারিখ ঃ ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

বিষয়ঃ কর্মচারিদের মাঝে উপহার সামগ্রী বিতরণ।

শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন "ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ)" প্রত্যেক জেলা কার্যালয়ে কর্মরত ০১(এক) জন চতুর্থ শ্রেণীর কর্মচারিকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে ভ্যাটসহ মোট সর্বোচ্চ ৬২১/-(ছয় শত একুশ) টাকার মধ্যে উপহার সামগ্রী (তেল, চিনি, সেমাই ও পোলাও চাল) বিতরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য যে, আগামী ৩১.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য **Zoom meeting** এর পর উক্ত উপহার সামগ্রী বিতরণ করতে হবে এবং উক্ত ব্যয় স্ব স্ব কার্যালয়ের বাজেটের বিবিধ খাত থেকে নির্বাহ করতে হবে।

২৭/০৩/২৪

(এম.এম. সামিরুল ইসলাম)
সমন্বয়ক, এসএমসিআইএফ (অঃ দাঃ)
ও
সিনিয়র সহকারি সচিব, শিল্প মন্ত্রণালয়।

সংযুক্তি : সভার কার্যবিবরণী

**বিতরণ ঃ**
সম্প্রসারণ/সহকারি সম্প্রসারণ কর্মকর্তা, এসএমসিআইএফ সকল জেলা।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ**

০১. চেয়ারম্যান, এসএমসিআইএফ ও সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. নির্বাহী পরিচালক, এসএমসিআইএফ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩. অফিস কপি।